

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬০-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৭১-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:

“(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সি ক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

প্রদেয় আয়কর

(ক)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.....	টাকা ১২,৫০০.০০
(খ)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.....	টাকা ৯,০০০.০০
(গ)	(অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য .....	টাকা ৩০,০০০.০০
	(আ) দোতলা বাস প্রতিটির জন্য ....	টাকা ১২,৫০০.০০
(ঘ)	তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .....	টাকা ১২,৫০০.০০
(ঙ)	অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য .....	টাকা ৫,০০০.০০
(চ)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য.....	টাকা ১৯,০০০.০০
(ছ)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য.....	টাকা ১২,৫০০.০০
(জ)	দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.....	টাকা ৭,৫০০.০০
(ঝ)	দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য.....	টাকা ৩,০০০.০০
(ঞ)	শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য .....	টাকা ৯,০০০.০০
(ট)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ..	টাকা ৩,০০০.০০

(খ) দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

প্রদেয় আয়কর

(ক)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.....	টাকা ৬,৫০০.০০
(খ)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য....	টাকা ৪,৫০০.০০
(গ)	(অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য .....	টাকা ১৫,০০০.০০
	(আ) দোতলা বাস প্রতিটির জন্য ....	টাকা ৬,৫০০.০০
(ঘ)	তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .....	টাকা ৯,০০০.০০
(ঙ)	অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য .....	টাকা ২,৫০০.০০
(চ)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য.....	টাকা ১০,০০০.০০
(ছ)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য.....	টাকা ৭,৫০০.০০
(জ)	দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.....	টাকা ৪,৫০০.০০
(ঝ)	দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য.....	টাকা ২,৫০০.০০
(ঞ)	শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য .....	টাকা ৪,৫০০.০০
(ট)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য...	টাকা ১,৫০০.০০

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**Bangladesh Tax Update**  
[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
সৈয়দ মোঃ আমিনুল করিম  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)